# বঙ্গবন্ধু ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠান ২০১৭




বঙ্গবন্ধু ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ
এবং গবেষণা অনুদানের চেক প্রদান অনুষ্ঠান - ২০১৬

প্রধান অতিথি : **শেখ হাসিনা**

মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ : ১৬ ফেব্রুয়ারি ২০১৬, সময় : সকাল ১০:৩০ ঘটিকা

আয়োজনে : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়



## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়





## বঙ্গবন্ধু ফেলোশিপ অন সাইন্স এন্ড আইসিটি শীর্ষক প্রকল্প

বিজ্ঞানমনস্ক জাতি গঠন, বিজ্ঞান সংক্রান্ত গবেষণা উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে আমাদের জাতির পিতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক **বঙ্গবন্ধু ফেলোশিপ অন সাইন্স এন্ড আইসিটি** শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। উন্নত বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়, গবেষণাগার ও ইনস্টিটিউটসমূহে পরিচালিত গবেষণা ও উচ্চশিক্ষা, বিশেষ করে এমএস এবং পিএইচডি প্রোগ্রামসমূহে ডিগ্রি অর্জনের মাধ্যমে জাতীয় পর্যায়ে দক্ষ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও গবেষক সৃষ্টিই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের মেয়াদ জুলাই ২০১০ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত এবং এ প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৮৫ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা। উল্লেখ্য, প্রকল্পের মেয়াদ শেষে এ কর্মসূচি **'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট'**-এর মাধ্যমে পরিচালিত হবে।

এ প্রকল্পের আওতায় বিদেশে ৫০ জন এমএস, ৬০ জন পিএইচডি, দেশে ১০০ জন পিএইচডি এবং ১১ জন পিএইচডি উত্তর গবেষণায় ফেলোশিপ প্রদানের জন্য নির্বাচন করা হয়েছে। বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি ও জাতীয় পর্যায়ের গবেষণা প্রতিষ্ঠানসমূহের নির্বাহীগণের সমন্বয়ে গঠিত বিশেষজ্ঞ কমিটি কর্তৃক ফেলো নির্বাচন করা হয়। কোর্স সম্পন্নকারী গবেষকগণ দেশে নতুন নতুন প্রযুক্তি ও পদ্ধতি উদ্ভাবনে গবেষণা ও উচ্চ শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদান রাখতে সক্ষম হচ্ছেন।

ফেলোশিপ প্রদান সংক্রান্ত অগ্রগতির তথ্য :

| কোর্সের নাম | ফেলোশিপ প্রদানের লক্ষ্যমাত্রা | নির্বাচিত ফেলো | কোর্স সম্পন্নকারীর সংখ্যা | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| এম এস (বিদেশে) | ৫০ | ৫০ | ৪৫ | ০৫ |
| পিএইচডি (বিদেশে) | ৬০ | ৬০ | ৪০ | ২০ |
| পিএইচডি (দেশে) | ১০০ | ১০০ | ৭৫ | ২৫ |
| পোস্ট ডক্টরেট (দেশে) | ১৫ | ১১ | ১১ | ০০ |
| মোট | ২২৫ | ২২১ | ১৭১ | ৫০ |

প্রকল্পের আওতায় নির্বাচিত ফেলোদের নিম্নরূপ আর্থিক সহায়তা প্রদান করা হয় :

ক. লিভিং এলাউন্স বিদেশে (ইউরোপ ও জাপানে) মাসিক ৯৬০০০ টাকা ও এশিয়ার অন্যান্য দেশে মাসিক ৫০,০০০ টাকা এবং দেশে মাসিক ১৫,০০০ টাকা ;

খ. বিশ্ববিদ্যালয় টিউশন ফি–বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত রেটে ;

গ. বই পুস্তক ক্রয় বাবদ বিদেশে এককালীন ৪০,০০০ টাকা এবং দেশে ৩৫,০০০ টাকা ;

ঘ. থিসিস ফি বিদেশে এককালীন ৫০,০০০ টাকা (পিএইচডি), ৩০,০০০ টাকা (এম এস) এবং দেশে ২৫,০০০ টাকা;

ঙ. বিদেশে অধ্যয়নরত ফেলোদের প্রকৃত বিমান ভাড়া ও ভিসা ফি।

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ

পাবলিক বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/গবেষণারত এমএস, এমফিল, পিএইচডি এবং পোস্ট-ডক্টরাল পর্যায়ের ছাত্র-ছাত্রী/গবেষকদের এ অনুদান প্রদান করা হয়। মোট ৩টি গ্রুপে এ ফেলোশিপ প্রদান করা হয়: ১. ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং ন্যানোটেক্‌নোলজি লাগসই প্রযুক্তি ২. জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান এবং ৩. খাদ্য ও কৃষি বিজ্ঞান। ২০১০-২০১১ অর্থ-বছর থেকে ২০১৬-২০১৭ অর্থ-বছর পর্যন্ত এ খাতে মোট বরাদ্দ ছিল ৪৭,৯২,০০,০০০/-(সাতচল্লিশ কোটি বিরানব্বই লক্ষ) টাকা। বরাদ্দপ্রাপ্ত অর্থ হতে মোট ৭,৬০৩ জন ফেলোর অনুকূলে ৪৭,৪৩,০৬,৭৫০/-(সাতচল্লিশ কোটি তেতাল্লিশ লক্ষ ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা ফেলোশিপ প্রদান করা হয়েছে।

বিগত ৭ বছরে এ খাতে ফেলোশিপ প্রদান সম্পর্কিত প্রতিবেদন–

| অর্থ বছর | বরাদ্দকৃত অর্থ | ফেলোর সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|---|
| ২০১০-২০১১ | ৪,৫০,০০,০০০ | ৬২৯ জন | ৪,৫০,০০,০০০ |
| ২০১১-২০১২ | ৫,০০,০০,০০০ | ৬৯৫ জন | ৫,০০,০০,০০০ |
| ২০১২-২০১৩ | ৫,৫০,০০,০০০ | ৭০০ জন | ৫,৫০,০০,০০০ |
| ২০১৩-২০১৪ | ৬,৫০,০০,০০০ | ১০০১ জন | ৬,২৮,২৬,০০০ |
| ২০১৪-২০১৫ | ৮,০০,০০,০০০ | ১৪৩৮ জন | ৭,৯০,০০,০০০ |
| ২০১৫-২০১৬ | ৮,৪২,০০,০০০ | ১৪৩৮ জন | ৮,৩৩,৬৩,৩০০ |
| ২০১৬-২০১৭ | ১০,০০,০০,০০০ | ১৭০২ জন | ৯,৯১,১৭,৪৫০ |
| সর্বমোট | ৪৭,৯২,০০,০০০ | ৭,৬০৩ জন | ৪৭,৪৩,০৬,৭৫০ |

## প্রযুক্তি উদ্ভাবন এবং গবেষণা ও উন্নয়ন প্রকল্প

বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান অথবা ব্যক্তিগত পর্যায়ে গবেষণারত দেশীয় বিজ্ঞানীগণকে এই অনুদান প্রদান করা হয়। বিষয়ভিত্তিক মোট ৪টি গ্রুপে এই অনুদান প্রদান করা হয়: (১) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা, (২) অ্যাপ্লাইড সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৩) ফিজিক্যাল সাইন্স এবং (৪) এগ্রিকালচার এন্ড এনভায়রনমেন্ট।

২০১০-২০১১ অর্থ-বছর থেকে ২০১৬-২০১৭ অর্থ-বছর পর্যন্ত এ খাতে মোট বরাদ্দ ছিল ৩,১০,০০,০০০/-(তিন কোটি দশ লক্ষ) টাকা। বরাদ্দপ্রাপ্ত অর্থ হতে মোট ৫০৪টি প্রকল্পে ২,৮৩,০০,০০০/-(দুই কোটি তিরাশি লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে। বিগত ৭ বছরে এ খাতে অনুদান প্রদান সম্পর্কিত বিবরণ নিম্নরূপ:

| অর্থ বছর | বরাদ্দকৃত অর্থ | ফেলোর সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|---|
| ২০১০-২০১১ | ৩০,০০,০০০ | ৪৫ | ৩০,০০,০০০ |
| ২০১১-২০১২ | ৩০,০০,০০০ | ৫৭ | ৩০,০০,০০০ |
| ২০১২-২০১৩ | ৩৫,০০,০০০ | ৫৭ | ৩৫,০০,০০০ |
| ২০১৩-২০১৪ | ৩৫,০০,০০০ | ৬৬ | ২৬,২০,০০০ |
| ২০১৪-২০১৫ | ৫০,০০,০০০ | ৭৩ | ৪২,৭০,০০০ |
| ২০১৫-২০১৬ | ৫০,০০,০০০ | ৮০ | ৪৪,৫০,০০০ |
| ২০১৬-২০১৭ | ৮০,০০,০০০ | ১২৬ | ৭৪,৬০,০০০ |
| সর্বমোট | ৩,১০,০০,০০০ | ৫০৪ | ২,৮৩,০০,০০০ |

## বিজ্ঞানসেবী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে অনুদান

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট উন্নয়নমূলক কাজ, জার্নাল প্রকাশনা এবং সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ও প্রদর্শনী আয়োজনে সহায়তার লক্ষ্যে বিজ্ঞানসেবী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহের আবেদনপত্র নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক অনুদান প্রদান করা হয়। ২০১০-২০১১ অর্থ-বছর থেকে ২০১৬-২০১৭ অর্থ-বছর পর্যন্ত এ খাতে অনুদান প্রদান সম্পর্কিত তথ্য–

| অর্থ বছর | বরাদ্দকৃত অর্থ | ফেলোর সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|---|
| ২০১০-২০১১ | ১৩,০০,০০০ | ২২ | ১৩,০০,০০০ |
| ২০১১-২০১২ | ১৭,০০,০০০ | ৩৩ | ১৭,০০,০০০ |
| ২০১২-২০১৩ | ২০,০০,০০০ | ৩৩ | ২০,০০,০০০ |
| ২০১৩-২০১৪ | ২৫,০০,০০০ | ৪৫ | ২৫,০০,০০০ |
| ২০১৪-২০১৫ | ৪০,০০,০০০ | ৬২ | ৪০,০০,০০০ |
| ২০১৫-২০১৬ | ৪০,০০,০০০ | ৭০ | ৪০,০০,০০০ |
| ২০১৬-২০১৭ | ৫০,০০,০০০ | ৮৭ | ৫০,০০,০০০ |
| সর্বমোট | ২,০৫,০০,০০০ | ৩৫২ | ২,০৫,০০,০০০ |

২০১৬-২০১৭ অর্থ-বছর পর্যন্ত উপজেলা পর্যায়ে দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী আয়োজনের তথ্য নিম্নরূপ:

| অর্থ বছর | বরাদ্দকৃত অর্থ | প্রতিষ্ঠানের সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|---|
| ২০১০-২০১১ | ৭,০০,০০০ | ১৪টি | ৭,০০,০০০ |
| ২০১১-২০১২ | ৭,০০,০০০ | ১৪টি | ৭,০০,০০০ |
| ২০১২-২০১৩ | ৭,০০,০০০ | ১৪টি | ৭,০০,০০০ |
| ২০১৩-২০১৪ | ৭,০০,০০০ | ১৪টি | ৭,০০,০০০ |
| ২০১৪-২০১৫ | ১৪,৭০,০০০ | ২১টি | ১৪,৭০,০০০ |
| ২০১৫-২০১৬ | ১৪,৭০,০০০ | ২১টি | ১৪,৭০,০০০ |
| ২০১৬-২০১৭ | ১৬,৮০,০০০ | ২৪টি | ১৬,৮০,০০০ |
| সর্বমোট | ৭৪,২০,০০,০০০ | ১২২টি | ৭৪,২০,০০,০০০ |

# বিজ্ঞানী / গবেষকদের মধ্যে বিশেষ গবেষণা অনুদান প্রদান কর্মসূচি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে গবেষণা ও উন্নয়ন কাজে উৎসাহ ও অনুপ্রেরণা প্রদানের লক্ষ্যে গবেষণা প্রকল্পে অনুদান প্রদান করা হয়। পিয়ার রিভিউ কমিটির সুপারিশ অনুযায়ী বায়োলজিক্যাল সাইন্স, মেডিক্যাল সাইন্স, এনভায়রনমেন্টাল সাইন্স, ইঞ্জিনিয়ারিং এন্ড অ্যাপ্লাইড সাইন্স, ফিজিক্যাল সাইন্স ও ইন্টার-ডিসিপ্লিনারি গ্রুপসহ ৬টি গ্রুপে গবেষণা অনুদান প্রদান করা হয়। এ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক, গবেষণা প্রতিষ্ঠানের বিশিষ্ট বিজ্ঞানী ও গবেষকদের সমন্বয়ে গঠিত 'পিয়ার রিভিউ কমিটি'র মাধ্যমে গবেষক ও বিজ্ঞানীদের গবেষণা প্রস্তাব পর্যালোচনা এবং প্রকল্পসমূহ যাচাই-বাছাইপূর্বক বিশেষ গবেষণা অনুদান প্রদান করা হয়। ২০০৯-১০ থেকে ২০১৬-১৭ অর্থ-বছর পর্যন্ত প্রদত্ত অনুদান:

| অর্থ-বছর | বরাদ্দকৃত অর্থ (টাকা) | অনুমোদিত প্রকল্পের সংখ্যা |
|---|---|---|
| ২০০৯-১০ | ৮,৬৭,০০,০০০ | ১৭০টি |
| ২০১০-১১ | ৭,৪৯,০০,০০০ | ১৫৩টি |
| ২০১১-১২ | ৮,৯৮,৮০,০০০ | ১৮৫টি |
| ২০১২-১৩ | ৯,৮০,৫০,০০০ | ২২৩টি |
| ২০১৩-১৪ | ১১,৯৫,০০,০০০ | ৩২৪টি |
| ২০১৪-১৫ | ১০,২১,০০,০০০ | ৩১৭টি |
| ২০১৫-১৬ | ১১,৮২,৫০,০০০ | ৩৮১টি |
| ২০১৬-১৭ | ১১,৫৭,৫০,০০০ | ৩৯৫টি |
| সর্বমোট | ৮০,৫১,৩০,০০০ | ২১৪৮টি |

মন্ত্রণালয় এবং গবেষকদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে পারস্পরিক সাহায্য ও সহযোগিতার মাধ্যমে বিজ্ঞাননির্ভর সমাজ গঠনে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ সকল কর্মসূচি বিজ্ঞান বিষয়ে উচ্চ শিক্ষা এবং গবেষণা ছাড়াও ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান শিক্ষায় অব্যাহতভাবে উৎসাহ যোগাবে।